দামুড়হুদায় দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত বহুল প্রচারিত দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার ১১ বর্ষে পদার্পণ উপলক্ষে দামুড়হুদায় প্রতিষ্ঠাবার্ষিকী পালন করা হয়েছে। গতকাল সোমবার বেলা ১১টার দিকে দামুড়হুদা প্রেসক্লাব হলরুমে কেক কেটে প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন করা হয়।

এ সময় অতিথিবৃন্দ বলেন, সময়ের সমীকরণ একটি পরিচ্ছন্ন ও তথ্যনিষ্ঠ দৈনিক। সঠিক তথ্যের ভিত্তিতে সংবাদ পরিবেশনের কারণে পত্রিকাটি পাঠকের আস্থা অর্জন করেছে। সততা ও নিষ্ঠার সঙ্গে এগিয়ে চললে একদিন পত্রিকাটি শীর্ষস্থানীয় দৈনিকে পরিণত হবে বলে তারা আশাবাদ ব্যক্ত করেন। পাশাপাশি বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশনের জন্য সাংবাদিক এবং পত্রিকার সঙ্গে জড়িত সকলকে ধন্যবাদ জানান।

অনুষ্ঠানে দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার দামুড়হুদা প্রতিবেদক মোজাম্মেল শিশিরের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) হুমায়ুন কবির। বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির, দামুড়হুদা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক তানজির ফয়সাল এবং ৮ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি আব্দুল মতিন।

এছাড়া উপস্থিত ছিলেন দামুড়হুদা প্রেসক্লাবের সহ-সভাপতি মিরাজুল ইসলাম মিরাজ, কার্যনির্বাহী কমিটির সদস্য তাছির আহমেদ, হাবিবুর রহমান, সাংবাদিক সমিতির সভাপতি হাফিজুর রহমান কাজল, সাধারণ সম্পাদক শাহজালাল বাবু, সদস্য জহিরুল ইসলাম, বিশিষ্ট ব্যবসায়ী শাজাহান আলীসহ প্রেসক্লাবের অন্যান্য সাংবাদিক।

ঝিনাইদহ পূজা উদযাপন ফ্রন্টের প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

বাংলাদেশ পূজা উদযাপন ফ্রন্ট ঝিনাইদহ জেলা শাখার প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে। মঙ্গলবার সন্ধ্যায় ঝিনাইদহ প্রেসক্লাব মিলনায়তনে ফ্রন্টের প্রথম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে আলোচনা সভা ও কেক কাটা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, বাংলাদেশ পূজা উদযাপন ফন্ট্রের কেন্দ্রীয় কমিটির সহ-সভাপতি স্বাধীন অধিকারী। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, ঝিনাইদহ প্রেসক্লাবের সহ-সভাপতি আসিফ ইকবাল মাখন, সাধারন সম্পাদক আমিনুল ইসলাম লিটন, পূজা উদযাপন ফন্ট্র ঝিনাইদহ জেলা শাখার সদস্য সচিব সমির হালদার, সদর উপজেলা শাখার আহবায়ক গনেশ চন্দ্র বিশ্বাস, সদস্য সচিব অচিন্ত রায়, হরিণাকুন্ডু শাখার আহবায়ক কাত্তিক দেবনাথসহ ফন্ট্রের বিভিন্ন পর্যায়ের নেতারা। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন পূজা উদযাপন ফন্ট্র ঝিনাইদহ জেলা শাখার আহবায়ক মিলন কুমার ঘোষ।

অনুষ্ঠানে বক্তারা বলেন, এক বছর আগে আজকের এই দিনে দেশের হিন্দু সম্প্রদায়ের মানুষেররা নির্বিঘ্নে নিরাপদে উৎসব মুখর পরিবেশে পূজা উদযাপন করতে পারেন, সে লক্ষ্যে বাংলাদেশ পূজা উদযাপন ফ্রন্ট এর যাত্রা শুরু হয়। আমরা সফলভাবে এক বছর অতিক্রম করেছি। সামনের দিনগুলোতে মিলেমিশে সবাইকে সাথে নিয়ে এগিয়ে যাওয়ার প্রত্যয় ব্যবক্ত করা হয়। আলোচনা শেষে প্রতিষ্ঠাবার্ষিকীর কেক কাটা হয়।

মেহেরপুরে আইডিইবির ৫৫তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন

ইনস্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ (আইডিইবি) এর ৫৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভার আয়োজন করা হয়েছে।

আইডিইবি মেহেরপুর জেলা শাখার উদ্যোগে আজ সোমবার সকালে সড়ক ও জনপদ (সওজ) অফিস প্রাঙ্গণে আলোচনা সভাটি অনুষ্ঠিত হয়।

আইডিইবি মেহেরপুর জেলা শাখার সভাপতি আনিসুজ্জামান বকুলের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন সাধারণ সম্পাদক আলিমুজ্জামান, শিক্ষা বিষয়ক সম্পাদক রশিদুল ইসলাম বোরহান, গবেষণা বিষয়ক সম্পাদক আব্দুর রহমান ও আমিনুল ইসলাম প্রমুখ।

এর আগে এক বর্ণাঢ্য র্যালি বের করা হয়। জেলা শাখার সভাপতি আনিসুজ্জামান বকুল ও সাধারণ সম্পাদক আলিমুজ্জামানের নেতৃত্বে র্যালিটি পৌর কমিউনিটি সেন্টার হলের সামনে থেকে শুরু হয়ে বাদ্যের তালে তালে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে সড়ক ও জনপদ বিভাগের সামনে গিয়ে শেষ হয়।

মেহেরপুরে উদীচী শিল্পিগোষ্ঠীর ৫৭তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন

উদীচী মেহেরপুর জেলা সংসদের আয়োজনে, মেহেরপুর জেলা সাধারণ সম্পাদকের কার্যালয়ে গতকাল বুধবার সন্ধ্যা ৭.৩০ টার সময় বাংলাদেশ উদীচী শিল্পীগোষ্ঠী’র ৫৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

মেহেরপুর জেলা সংসদের সভাপতি সুশীল চক্রবর্তী’র সভাপতিত্বে অনুষ্ঠানটি পরিচালিত হয়। অনুষ্ঠানে মূল আলোচক হিসেবে বক্তব্য রাখেন, জেলা সংসদের সাধারণ সম্পাদক অ্যাডভোকেট মোহাঃ মিজানুর রহমান। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শহিদুল ইসলাম কানন, আমজাদ হোসেন, সাবিনা খাতুন, মাহফুজ, রাজন, আঃ মতিন, রফিকুল ইসলাম, সজল, মনিরুল ইসলাম, আকিব সহ অনেকে।

মূল অনুষ্ঠানটি জেলা শিল্পকলা হলরুমে হবার কথা থাকলেও জাসাস নেতা বাকা বিল্লাহ (অ্যাডঃ কামরুল হাসান গ্রুপ)’র বাধা দেবার কারণে

আইনশৃঙ্খলা রক্ষার্থে প্রশাসন শিল্পকলা হলরুমে অনুষ্ঠানের অনুমতি প্রদান করেন নাই। সে কারণে ব্যপক পরিসরে সাংস্কৃতিক অনুষ্ঠান করার কথা থাকলেও তা সম্ভব হয় নাই।

মেহেরপুরের বারাদীতে যুবদলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

কেন্দ্র ঘোষিত কর্মসূচির অংশ হিসেবে মেহেরপুর সদর উপজেলার বারাদীতে সদর উপজেলা যুবদলের আয়োজনে যুবদলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে।

গতকাল মঙ্গলবার বিকেল পাঁচটার দিকে বারাদী ইউনিয়ন বিএনপির অফিস প্রাঙ্গণে সমাবেশ অনুষ্ঠিত হয়। এ সময় বারাদী বাজারে যুবদলের নেতৃত্বে একটি আনন্দ মিছিল বের হয়।

ইউনিয়ন যুবদলের সভাপতি লাল মোহাম্মদের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন সদর উপজেলা যুবদলের আহ্বায়ক লিয়াকত আলী মেম্বার। আরও বক্তব্য রাখেন ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক হুমায়ুন কবির, যুবদল নেতা আসলাম আলী।

প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, ফেব্রুয়ারির নির্বাচন নস্যাৎ করার জন্য দেশি-বিদেশি ষড়যন্ত্র চলছে। আমরা যুবদল সব সময় এক ছিলাম, ঐক্যবদ্ধ ছিলাম। দেশনায়ক তারেক রহমান যাকে মনোনয়ন দেবেন, মেহেরপুর যুবদল ঐক্যবদ্ধ হয়ে সেই প্রার্থীকে জয়যুক্ত করবে। আমরা কামরুলের লোক নই, আমরা মিল্টনের লোক নই, আমরা মাসুদ-অরুণের লোক নই। আমরা দেশনেত্রী খালেদা জিয়ার লোক, আমরা দেশনায়ক তারেক রহমানের লোক, আমরা ধানের শীষের লোক। সুতরাং দল যাকে সিদ্ধান্ত দেবে, মেহেরপুর যুবদল ঐক্যবদ্ধ হয়ে তার কাজ করবে।

এ সময় উপস্থিত ছিলেন মেহেরপুর সদর থানা বিএনপির সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম, জেলা যুবদলের সহ-সভাপতি মোশাররফ হোসেন তপু, জেলা যুবদলের সদস্য মেহেদী হাসান রোলেক্স, ইউনিয়ন বিএনপির সভাপতি আফারুল ইসলাম ডাবলু, সাধারণ সম্পাদক কামরুজ্জামান মুকুল,

সাংগঠনিক সম্পাদক রাশিদুল ইসলাম জাদুসহ বিএনপির বিভিন্ন অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ।

যুবদলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে মেহেরপুরে মিছিল ও সমাবেশ

বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে মেহেরপুর জেলা যুবদলের উদ্যোগে মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার বিকেলে মেহেরপুর শহরের পণ্ডের ঘাট এলাকা থেকে জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদের নেতৃত্বে একটি বর্ণাঢ্য মিছিল বের হয়। মিছিলটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে কাথুলি সড়কে গিয়ে শেষ হয়।

মিছিলের আগে পণ্ডের ঘাট এলাকায় এক সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পৌর বিএনপির সাবেক সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস।

প্রধান অতিথির বক্তব্যে জাহাঙ্গীর বিশ্বাস বলেন, দীর্ঘ ১৬ বছর ধরে জনগণ নিজেদের পছন্দের প্রার্থীকে ভোট দিতে পারেননি। আওয়ামী লীগ সরকার জোরজবরদস্তি করে তাদের প্রার্থীদের নির্বাচিত করেছে। আমরা শেখ হাসিনার দুঃশাসন, নিপীড়ন ও নির্যাতনের বিরুদ্ধে লড়াই করেছি মেহেরপুরে মাসুদ অরুণের নেতৃত্বে। অনেক নেতা-কর্মী জেল খেটেছেন। তবুও শত নির্যাতন-জুলুম উপেক্ষা করে আমরা লড়াই চালিয়ে গেছি।

এছাড়াও এসময় জেলা যুবদলের সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক রোকনুজ্জামান রোকন, যুগ্ম সাধারণ সম্পাদক সাইদুর রহমান সুজন, পৌর যুবদলের আহ্বায়ক সামিউল ইসলাম লিজন, সদস্য সচিব নওফেল আহমেদ রনি, মুজিবনগর উপজেলা যুবদলের আহ্বায়ক আবুল হাসানসহ জেলা ও উপজেলা যুবদলের বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে যুবদলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

আলোচনা সভা ও কেক কাটার মধ্য দিয়ে বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন মেহেরপুর জেলা যুবদল।

আজ সোমবার বিকেলে এ আলোচনা সভা ও কেক কাটার আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পৌর বিএনপির সাবেক সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস। সভাপতিত্ব করেন জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ।

অনুষ্ঠানে প্রধান অতিথি জাহাঙ্গীর বিশ্বাস বলেন, দীর্ঘ সংগ্রামের ধারাবাহিকতায় জুলাই-আগস্টে যুবদল অগ্রণী ভূমিকা পালন করেছিল। আগামীতে তারেক রহমানের নির্দেশিত ‘সবার আগে বাংলাদেশ’ এই শ্লোগানকে বাস্তবায়নের লক্ষ্যে যুবদল নিরলসভাবে কাজ করে যাবে। সকল প্রকার লোভ-লালসার উর্ধ্বে উঠে দেশের মানুষের সেবা ও একটি উন্নত রাষ্ট্র গঠনে যুবদল ভূমিকা রাখবে।

তিনি আরও বলেন, জুলাই-আগস্টের চেতনা ধারণ করে তারেক রহমানের ৩১ দফা বাস্তবায়নের মধ্য দিয়ে একটি সুখী, সমৃদ্ধ ও আলোকিত বাংলাদেশ গড়ে তোলা হবে।

অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন জেলা শ্রমিক দলের সভাপতি আহসান হাবীব সোনা, জেলা যুবদলের সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক রোকনুজ্জামান রোকন, যুগ্ম সাধারণ সম্পাদক সাইদুর রহমান সুজন, পৌর যুবদলের আহ্বায়ক সামিউল ইসলাম লিজন, সদস্য সচিব নওফেল আহমেদ রনি এবং মুজিবনগর উপজেলা যুবদলের আহ্বায়ক আবুল হাসান।

মেহেরপুরে যুবদলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে মেহেরপুর জেলা যুবদলের উদ্যোগে বর্ণাঢ্য র্যালির আয়োজন করা হয়েছে।

আজ সোমবার (২৭ অক্টোবর) বিকেল ৪টার দিকে জেলা বিএনপি কার্যালয় চত্বর থেকে র্যালিটি শুরু হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে এসে শেষ হয়।

র্যালিতে নেতৃত্ব দেন মেহেরপুর জেলা যুবদলের সাধারণ সম্পাদক মো. কাউসার আলী।

এ সময় উপস্থিত ছিলেন জেলা যুবদলের সহ-সভাপতি মো. মুশাররফ হোসেন তপু, সদস্য মেহেদি হাসান রোলেক্স, সদর উপজেলা যুবদলের আহ্বায়ক মো. লিয়াকত আলী, মুজিবনগর উপজেলা যুবদলের সদস্য সচিব আনোয়ারুল ইসলাম, বারাদি ইউনিয়ন যুবদলের সভাপতি লাল মোহাম্মদ এবং সাধারণ সম্পাদক হুমায়ুন কবিরসহ বিভিন্ন ইউনিটের নেতাকর্মীরা।

সংক্ষিপ্ত বক্তব্যে বক্তারা বলেন, যুবদল গণতন্ত্র পুনরুদ্ধার ও রাষ্ট্র কাঠামো সংস্কারের আন্দোলনে সবসময় অগ্রভাগে থাকবে।

দিনব্যাপী এ আয়োজনে জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের নেতাকর্মীদের উপস্থিতিতে মেহেরপুরে যুবদলের প্রতিষ্ঠাবার্ষিকী পরিণত হয় এক মিলনমেলায়।

মেহেরপুর সরকারি কলেজে বাঁধনের ২৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

নিঃস্বার্থ রক্তদানের অঙ্গীকারে মানবসেবার ব্রত নিয়ে মেহেরপুর সরকারি কলেজে উদযাপিত হয়েছে স্বেচ্ছাসেবী সংগঠন বাঁধন এর ২৮তম

প্রতিষ্ঠাবার্ষিকী।

রবিবার (২৬ অক্টোবর) সকাল সাড়ে ১০টায় আনন্দ র্যালির মধ্য দিয়ে দিনব্যাপী কর্মসূচির সূচনা হয়। পরে কেক কাটা ও কলেজ ক্যাম্পাসে বিনামূল্যে রক্তের গ্রুপ নির্ণয় কর্মসূচির আয়োজন করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাঁধন, মেহেরপুর সরকারি কলেজ পরিবার, পদ্মা জোনের সভাপতি মো. নাফিউল ইসলাম। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. কে. এম. নজরুল কবীর।

এছাড়া বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষক পরিষদের সম্পাদক ও বাংলা বিভাগের বিভাগীয় প্রধান খেজমত আলী মালিথা, ইংরেজি বিভাগের বিভাগীয় প্রধান মো. হাসানুজ্জামান, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক বশির আহম্মেদ, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের প্রভাষক তৌফিকুল ইসলাম, ইংরেজি বিভাগের প্রভাষক মো. মনিরুজ্জামান, সাবেক সভাপতি সবুজ আলী ও সাবেক সাধারণ সম্পাদক ফারুক প্রমুখ।

বাঁধনের বর্তমান ও সাবেক কর্মীরা উচ্ছ্বাস ও উৎসাহের মধ্য দিয়ে দিনব্যাপী এই কর্মসূচিতে অংশগ্রহণ করেন। মানবতার সেবায় রক্তদানে উদ্বুদ্ধ করতে এ আয়োজনকে সকলেই সাধুবাদ জানান।

মেহেরপুরে মহিলা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা

মেহেরপুরে জাতীয়তাবাদী মহিলা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়েছে।

মেহেরপুর জেলা মহিলা দলের আয়োজনে বুধবার বিকেলে শহরের খাঁন কমিউনিটি সেন্টারে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা মহিলা দলের সভাপতি সায়েদাতুন্নেসা নয়নের সভাপতিত্বে আলোচনা

সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন পৌর বিএনপির সাবেক সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, আমরা ১৬ বছর লড়াই করেছি আজকে আমাদের যে আত্মত্যাগ এই আত্মত্যাগ একটি ষড়যন্ত্রকারী গোষ্ঠী শেষ করে দিতে চাচ্ছে। আমরা যারা রাজপথের লড়াইয়ে ছিলাম আমাদেরকে আজকে অপমানিত করার চেষ্টা করা হচ্ছে। আপনারা নিশ্চয়ই খাঁটি বিএনপির নেত্রী আমরা এখানে লোক যারা করার জন্য আপনাদের উপস্থিত করিনি আপনাদের দায়িত্ব হচ্ছে বাস্তব ও সত্য পথে চলা।

মাসুদ অরুন যেভাবে কষ্ট করে এই সংগঠনকে ১৬ বছর পাহারা দিয়েছে, ঢাকা থেকে কর্মসূচি দেওয়া হতো যে কর্মসূচি ঢাকাতে পালন করতে পারত না আমরা এখানে আওয়ামী লীগের গুন্ডাদের চোখ রাঙানো পুলিশের রাইফেল বন্ধু পরোয়া না করে আছে ধরনের নেতৃত্বে কর্মসূচি করেছি।

তিনি আরো বলেন, আজকে অবাক দৃষ্টিতে দেখতে হচ্ছে আওয়ামী লীগের সেই ছায়া আওয়ামী লীগের সেই প্রতিচ্ছবি আমরা আবারো দেখতে পাচ্ছি গতকাল কি মহিলা দলের নামে একটি সমাবেশ হয়েছে পার্কে যেটা দেখে মনে হল ওটা কোন বিএনপির সমাবেশ না ওটা ফরহাদ হোসেন দোদুলের সমাবেশ।

লোক দেখাতে হবে তাই বিভিন্ন জায়গা থেকে বিভিন্ন দলের ভাড়া করে লোক নিয়ে এসেছে। কালকে মনে হয়েছে আওয়ামী লীগের পেতাত্মা বাংলাদেশ থেকে সরে নাই। কালকের ওই মহিলা দলের সমাবেশ মনে হয়েছে আমার কাছে ওটা আওয়ামী লীগের সমাবেশ। ফরহাদ হোসেন দোদুল যেভাবে সমাবেশ করেছে কালকে সমাবেশ দেখে মনে হয়েছে ক্ষমতাশীল দলের সমাবেশ।

আজকে বিএনপি’র বিরুদ্ধে নানাভাবে ষড়যন্ত্র চলছে এখনো যদি মনোনয়ন হয় সামনে অনেক বিপদ অপেক্ষা করছে। রাজনীতি হচ্ছে মানুষের পাশে থাকা সুখে-দুখে ভালো-মন্দই কষ্টে বিপদে আপদে পাশে থাকা।

আজকে ওই যে কমিটির কথা উঠলো আজকে এই কমিটি করে যারা বিএনপিকে বিভক্ত করার চেষ্টা করছে তারা সবাইকে নিয়ে সকাল দশটা থেকে বিকেল পর্যন্ত গণপূর্ত অফিস জনস্বাস্থ্য অফিস এল জি ডি ঠিকাদারি করে বেড়াচ্ছে, চাঁদাবাজি করে বেড়াচ্ছে। আর এই দায়ভার এসে বিএনপি’র কাঁধে পড়ছে। জনগণকে বাদ দিয়ে আজকে ওই মুখার্জিপাড়ায় অফিস হয়েছে। ওই অফিসে যারা আছে সবাই এখন ঠিকাদারি করে বেড়াচ্ছে।

আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম।

এসময় তিনি বলেন, আপনাদের হৃদয়ের কষ্টের একটাই কারণ আমরা পরিশ্রম করে দল সংগঠিত করেছি, শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ৪৭ বছর আগে যে দল প্রতিষ্ঠা করেছিলেন যে উদ্দেশ্যে প্রতিষ্ঠা করেছিলেন সেই উদ্দেশ্যকে সামনে নিয়ে আমরা তারেক রহমানের নেতৃত্বে বেগম খালেদা জিয়া সরকার প্রতিষ্ঠার জন্য মাসুদ অরুনের নেতৃত্বে মেহেরপুরে যেই মুহূর্তে সেই উদ্দেশ্য পালনের চেষ্টা করছি সেই মুহূর্তে কমিটির নামে আমাদেরকে হেও করে আমাদেরকে ছোট করে আমাদের মাথার উপরে যেচে বসেছে আওয়ামী দোসরা।

আমাদের করণীয় যেভাবে আমরা ১৬ বছর ফ্যাসিস্ট হাসিনার বিদায় করার জন্য মাসুদ অরুণকে সহযোগিতা করেছিলেন জেলা বিএনপিকে সহযোগিতা করেছিলেন আমাদের সহযোগিতা করেছিলেন আমাদের পাশে ছিলেন আপনারা মাসুদ অরুণের জন্য আবারও তার পাশে থাকুন।

জেলা মহিলা দলের অর্থ বিষয়ক সম্পাদক রুপালি খাতুনের সঞ্চলনায় এছাড়াও এসময় জেলা মহিলা দলের সিনিয়র সহ-সভাপতি বেদানা আক্তার পলি, সাংগঠনিক সম্পাদক ফাহিমা খাতুন, ইউনিয়ন মহিলা দলের সদস্য সোনিয়া আক্তার, মহিলা দল নেত্রী ফিরোজা আক্তার পপি প্রমুখ উপস্থিত ছিলেন।